Department of Education
Dennis M. Walcott, Chancellor

# ল্যাঙ্গুয়েজ অ্যাকসেস প্ল্যান

## I. উদ্দেশ্য ও পটভূমি

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন (DOE) প্রি-কিনডারগার্টেন থেকে ১২ গ্রেড অবধি ১.১ মিলিয়ন শিক্ষার্থীকে ১৭ হাজারেরও বেশি স্কুলে শিক্ষাদান করে। শিক্ষার্থী ও তাদের পিতামাতারা ১৮০টিরও বেশি ভিন্ন ভিন্ন ভাষায় ভাব আদানপ্রদান করেন। ডিওইর দায়িত্ব এটি নিশ্চিত করা যে সব পিতামাতা তাদের সন্তানের শিক্ষা কর্মসূচিতে [1] অর্থপূর্ণ অংশগ্রহণের সুযোগ পেয়েছেন। ডিওই এই ল্যাঙ্গুয়েজ অ্যাকসেস প্ল্যান তৈরি করেছে চ্যান্সেলরের প্রবিধান A-663 অনুসারে লিমিটেড ইংলিশ প্রফিশিয়েন্ট (LEP) পিতামাতাদের যথোপযুক্ত অনুবাদ ও দোভাষ পরিসেবা ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে।

## II. ল্যাঙ্গুয়েজ অ্যাকসেস গোল

চ্যান্সেলরের প্রবিধান A-663 ইংরেজিতে কথা বলার ক্ষমতা সীমিত এমন পিতামাতাদের সন্তানদের শিক্ষায় জটিল কর্মসূচি ও পরিসেবায় অর্থবহ অংশগ্রহণ ও অভিগম্যতার সুযোগ দেওয়ার নিশ্চয়তা বিধান করার নিয়ম প্রতিষ্ঠা করে। চ্যান্সেলরের প্রবিধান A-663 নিউ ইয়র্ক সিটি স্কুল শিক্ষার্থীদের পিতামাতারা ইংরেজি ছাড়া যে নয়টি ভাষা সবচেয়ে বেশি ব্যবহার করেন সেগুলোয় ভাষা পরিসেবা দেয়া আবশ্যক করেছে। ডিওইর বাড়ির ভাষা শনাক্তকরণ সমীক্ষার ভিত্তিতে এসব ভাষা হল আরবি, বাংলা, চায়নিজ, ফ্রেঞ্চ, হেইশিয়ান ক্রেওল, কোরিয়ান, রাশিয়ান, স্পানিশ এবং উর্দু (অতঃপর "পরিসেবিত ভাষা")। ইংরেজিসহ এসব ভাষায় ৯৫% বেশি শিক্ষার্থীর বাড়িতে ব্যবহৃত হয়। চুক্তিবদ্ধ ভেন্ডরদের মাধ্যমে আরও ভাষায় সহায়তা দেয়া হয়।

প্রবিধান আবশ্যক করে:

- প্রতিটি পরিসেবিত ভাষায় শিক্ষার্থীর শিক্ষা সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্য সংবলিত নথিপত্র অনুবাদ।
- পিতামাতাদের জন্য অনুবাদ ও দোভাষী পরিসেবা লভ্য করা।
- স্কুলে ভর্তি প্রত্যেক ছেলেমেয়ের পিতামাতাদের প্রধান বাড়ির ভাষা এবং সেই পিতামাতার ডিওইর সঙ্গে যোগাযোগে ভাষা সহায়তা প্রয়োজন কিনা সে ব্যাপারে উপাত্ত সংগ্রহ।
- ভাষা পরিসেবা লাভে পিতামাতাদের অধিকার এবং সুবিধাটির লভ্যতা সম্পর্কে পিতামাতাদের সচেতনতা বৃদ্ধি।
- স্কুলভিত্তিক ভাষা অভিগম্যতা পরিকল্পনা তৈরি।

## III. ট্রান্সলেশন অ্যান্ড ইন্টারপ্রেটেশন ইউনিট:

ট্রান্সলেশন ও ইন্টারপ্রেটেশন (T & I) ইউনিট ডিওইতে ভাষা অধিগমত্যার সকল কর্মপ্রচেষ্টায় নেতৃত্বদানের জন্য দায়ী। সকল পিতামাতা সংশ্লিষ্টতা উদ্যোগ এবং যোগাযোগে ভাষা অধিগম্যতা একটি প্রধান বিবেচনা

[1] "প্যারেন্ট" শব্দটি দ্বারা শিক্ষার্থীর পিতামাতা বা অভিভাবক, কিংবা অন্য যে কোন ব্যক্তি, যার সাথে শিক্ষার্থীর পিতামাতাসুলভ বা তত্ত্বাবধানমূলক সম্পর্ক রয়েছে এমন ব্যক্তিকে বোঝায়।

এটি নিশ্চিত করার জন্য টিঅ্যান্ডআই ডিভিশন অভ ফ্যামিলি অ্যান্ড কম্যুনিটি এনগেজমেন্ট(FACE) এর অধীনে কাজ করে। ইউনিটt:

- এলইপি পিতামাতাদেরকে প্রদত্ত ডিওইর ভাষা সহায়তা কর্মকাণ্ড পরিচালনা ও মনিটর করে।
- ডিওইর অনুবাদ ও দোভাষী পরিসেবা এলইপি পিতামাতা জনসংখ্যার চাহিদা পূরণ করছে এটা নিশ্চিত করার জন্য স্কুলগুলোর সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করে;
- স্কুলগুলোর চলমান তত্ত্বাবধান ও সমর্থনের জন্য প্রাথমিক যোগাযোগ হিশেবে কাজ করে;
- অনুবাদ ও দোভাষী পরিসেবার জন্য বাজেট নির্ধারণে মতামত দেয় এবং স্কুলগুলো অনুবাদ ও দোভাষী তহবিল কীভাবে ব্যবহার করে তা পর্যবেক্ষণ ও মূল্যায়ন করে;
- প্রাসঙ্গিক স্কুল কর্মকর্তাদের জন্য প্রশিক্ষণের ব্যবস্থা করে ও প্রশিক্ষণ দেয়;
- ল্যাঙ্গুয়েজ অ্যাকসেস কিট প্রণয়ন করে ও স্কুলগুলোকে দেয়। কিটে থাকে একটি বহুভাষা ওয়েলকাম পোস্টার, একজন পিতামাতার বাড়ির ভাষা শনাক্ত করার জন্য একটি *ল্যাঙ্গুয়েজ আইডেন্টিফিকেশন গাইড* পিতামাতাদের জন্য নমুনা *আই স্পিক কার্ড* পিতামাতাদের জন্য মাল্টাইলিঙ্গুয়াল ল্যাঙ্গুয়েজ অ্যাকসেস ফ্লায়ার, টিঅ্যান্ডআই ইউনিট প্রদত্ত পরিসেবাসমূহ সম্পর্কিত একটি ব্রোশিওর, এবং স্কুল সেফটি এজেন্টদের কীভাবে একজন দোভাষী জোগাড় করতে হবে তার ব্যাখ্যা সংবলিত ওভার-দ্য-কার্ড।
- স্কুলভিত্তিক ভাষা সহায়তা সাইনেজ প্রদর্শন করা হয়েছে এটি নিশ্চিত করার জন্য অফিস অভ স্কুল ফ্যাসিলিটিজের সঙ্গে কাজ করে; এবং
- বাইরের ভাষা পরিসেবা ভেন্ডরদের চুক্তি ব্যবস্থাপন করে।

## IV প্রদত্ত পরিসেবা প্ল্যান

### A. দোভাষ

চ্যান্সেলরের প্রবিধান A-663 মোতাবেক নিয়মিত অফিসের সময়ে সন্তানের শিক্ষা সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্য প্রসঙ্গে ডিওইর সঙ্গে যোগাযোগ করার জন্য ডিওইকে সেসব পিতামাতাকে স্কুল/অফিসে যেখানে পিতামাতারা সহায়তাপ্রার্থনা করছেন, বা ফোনে,সর্বোচ্চ সম্ভব দোভাষ সহায়তা প্রদান করতে হয় যাদের প্রাথমিক ভাষা একটি পরিসেবিত ভাষা এবং যিনি এধরনের পরিসেবার জন্য অনুরোধ জানিয়েছেন।

নিয়মিত অফিসের সময় ১৫০টিরও বেশি ভাষায় ফোনে দোভাষী সহায়তা সব স্কুলের জন্য লভ্য। এসব পরিসেবা টিঅ্যান্ডআই ইউনিটের সঙ্গে যোগাযোগ করে পাওয়া যায়, তবে এগুলো চুক্তিবদ্ধ ভেন্ডরেরা প্রদান করেন। ভাষা শনাক্ত করা হয়:

- একজন ডিওই কর্মকর্তা ভাষা শনাক্ত করেন
- সীমিত সচল ইংরেজি জানা পিতামাতা ল্যাঙ্গুয়েজ আইডেনটিফিকেশন কার্ড থেকে তাদের ভাষা চিনিয়ে দেন।
- ভেন্ডর ফোনে স্পেশালাইজড লিঙ্গুইস্ট ব্যবহার করে ভাষা শনাক্ত করে

উল্লিখিত সিটিওয়াইড মিটিংগুলোতেও দোভাষ সহায়তা প্রদান করতে হবে:

- প্যানেল ফর এডুকেশন্যাল পলিসি মিটিং

- সিটিওয়াইড ইএলএল প্যারেন্ট মিটিং
- সিটিওয়াইড/কম্যুনিটি এডুকেশন কাউন্সিল মিটিং
- সেন্ট্রাল অফিস আয়োজিত অন্যান্য সিটিভিত্তিক পিতামাতাদের সভা

এসব অনুষ্ঠান সিটির সর্বত্র অনুষ্ঠিত হয় এবং সাধারণত চুক্তিবদ্ধ ভেন্ডরের দোভাষীরা এতে পরিসেবা দিয়ে থাকেন। প্রদত্ত ভাষাগুলো আগে শনাক্ত করা হয়:

- বাড়ির ভাষা শনাক্তকরণ উপাত্ত অথবা যেখানে অনুষ্ঠান হচ্ছে সেখানকার আদমশুমারি উপাত্ত বিশ্লেষণ করে।
- প্রত্যাশিত অংশগ্রহণকারী অথবা অনুষ্ঠানের আয়োজকদের সুনির্দিষ্ট অনুরোধ রক্ষা
- ওই স্থানে আগের অনুষ্ঠানগুলোর উপাত্ত বিশেলষণ।

## B. অনুবাদ

চ্যান্সেলরের প্রবিধান A-663 মোতাবেক ডিওই অফিস এবং স্কুল প্রণীত নথিপত্র যেগুলোতে একজন শিক্ষার্থীর শিক্ষা সংক্রান্ত গুরুত্বপূর্ণ তথ্য থাকে সেগুরো অবশ্যই পরিসেবিত ভাষাসমূহে অনুবাদ করতে হবে। গুরুত্বপূর্ণ তথ্য আছে এমন নথিপত্র যেগুলো অনবাদ করা হয়ে থাকে সেগুলোর অন্তর্ভুক্ত, তবে এতেই সীমাবদ্ধ নয়:

- নিবন্ধন, আবেদন, এবং বাছাই
- মান ও কর্মসম্পাদনা
- আচরণ ও শৃঙ্খলা
- সুরক্ষা ও স্বাস্থ্য
- বিশেষ শিক্ষা ও সংশ্লিষ্ট পরিসেবা
- পাবলিক এডুকেশন কিংবা কোন স্পেশাল এডুকেশন লাভের অধিকারী, ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার অথবা নন-স্ট্যানডার্ড অ্যাকাডেমিক কর্মসূচি
- বদলি ও অব্যাহতি
- আইনগত ও শাস্তিমূলক বিষয়াবলি

টিঅ্যান্ডআই ইউনিট এসব নথিপত্রের বেশিরভাগ পরিসেবিত ভাষায় অনুবাদের জন্য দায়ী। পরিসেবিত নয় এমন ভাষার অনুবাদ যোগ্যতাসম্পন্ন চুক্তিবদ্ধ ভেন্ডরদের দিয়ে করিয়ে নেয়া হয়।

টিঅ্যান্ডআই যেসব অনুবাদ উৎপাদন করে সেগুলো অনুবাদ করেন ডিওই নিযুক্ত অনুবাদকেরা এবং একটি মাননিরীক্ষণ প্রক্রিয়ার মধ্য দিয়ে সেগুলো চূড়ান্ত করা হয়। ডিওই অনুবাদকেরা অনুবাদ সহায়ক উপকরণ, যেমন ট্রান্সলেশন মেমরি সফটওয়্যার, ডিওই পরিভাষার দ্বিভাষিক নির্ঘণ্ট, এবং বিদেশিভাষার স্টাইল গাইডের সহায়তা লাভ করেন।

## V. আউটরিচ

টিঅ্যান্ডআই সব ডিওই পাবলিক স্কুল এবং ডিস্ট্রিক্ট অফিসগুলোয় প্রত্যেক স্কুল বছরের শুরুতে সিটির মাধ্যমে বহুভাষায় তৈরি পোস্টারগুলো সরবরাহ করে। স্কুলগুলোকে সবসময় দেখা যায় এমন স্থানে এসব পোস্টার

পোস্ট করতে হয়। এসব পোস্টারে এলইপি পিতামাতারা কোথায় এবং কীভাবে দোভাষী পরিসেবা পেতে পারেন তা বলা আছে। ইউনিট নিজস্ব ওয়েবসাইটে আরও কিছু বহুভাষায় লেখা সাইনেজ (পথনির্দেশমূলক সাইনসহ) আপলোড করে রেখেছে যা স্কুল এবং অফিসগুলো ডাউনলোড করে প্রিন্ট ও পোস্ট করতে পারে। স্কুলে আগত পিতামাতাদের জন্য যথাযথ অনূদিত সাইন দৃশ্যগোচর স্থানে পোস্ট করা হয়েছে এটি নিশ্চিত করতে ফেইস স্কুলগুলোতে সারা বছর সরেজমিন অনুসন্ধান চালায়।

ডিওই পিতামাতাদের জন্য পরিসেবিত ভাষাসমূহে প্যারেন্টস বিল অভ রাইটস এবং ্এ প্যার্নেটস গাইড টু স্পেশার এডুকেশন লভ্য করে। উভয় নথিই পিতামাতাদেরকে তাদের ভাষা পরিসেবা লাভের অধিকার সম্পর্কে সচেতন করে। স্কুলবছরের শুরুতে এসব নথি পিতামাতাদের দেয়া হয় এবং এগুলো ডিওইর ওয়েবসাইটেও (www.schools.nyc.gov) দেখা যায়।

## VI. প্রশিক্ষণ

ডিপার্টমেন্ট অভ এডুকেমনের ভাষা অভিগম্যতা উদ্যোগের সাফল্যের জন্য মাঠকর্মীদের প্রশিক্ষণদান গুরুত্বপূর্ণ। যথাযথ স্কুলভিত্তিক ও মাঠ কর্মকর্তাদের চ্যান্সেলরের প্রবিধান A-663 এর শর্তাবলি এবং এসব শর্তপূরণের সহায়সঙ্গতি সম্পর্কিত প্রশিক্ষণ দেয়া হয়।

ট্রেনিংয়ের গঠন-উপাদানে এসব তথ্য অন্তর্ভুক্ত থাকে:

- ভাষা অভিগম্যতা পরিসেবার সুবিধাগুলো ব্যবস্থা করার জণ্য স্কুলের ভূমিকা
- ট্রান্সলেশন অ্যান্ড ইন্টারপ্রেটেশন ইউনিট থেকে অনুবাদ ও ফোনে দোভাষী সহায়তা লাভ
- পোস্ট করার জন্য অনূদিত সাইন এবং পিতামাতাদের প্রাথমিক ভাষা শনাক্ত করার জন্য ল্যাঙ্গুয়েজ আইডেন্টিফিকেশন কার্ড সংগ্রহ
- টিঅ্যান্ডআই ইউনিট থেকে প্রাপ্ত সহায়সঙ্গতি ও সহায়তা
- স্কুলের অনুবাদ ফান্ডে অভিগম্যতা এবং এসব তহবিল ব্যবহারের অপশন

## VII. মনিটরিং

এলইপি পিতামাতাদের সঙ্গে কার্যকরভাবে যোগাযোগের জন্য আমাদের ভাষা পরিসেবার মান নিশ্চিত করা গুরুত্বপূর্ণ। টিঅ্যান্ডআই ইউনিট এর ভাষা অভিগম্যতা উদ্যোগের সফল বাস্তবায়ন নিশ্চিত করার লক্ষ্যে অন্যান্য ডিওই অফিসের সঙ্গে মিলিতভাবে উল্লিখিত ব্যবস্থা গ্রহণ করে:

- প্রিন্সিপ্যালের স্যাটিসফেকশন সমীক্ষা - স্কুলকে প্রদত্ত টিঅ্যান্ডআই ইউনিট ও বহিরাগত ভাষা পরিসেবা প্রোভাইডরদের জোগান ভাষা পরিসেবাসহ কেন্দ্রীয় সহায়তা মূল্যায়নে সব স্কুল প্রিন্সিপ্যালের কাছে সমীক্ষাটি বিতরণ করা হয়।

- টিঅ্যান্ডআই কাস্টোমার স্যাটিসফেকশন সমীক্ষা - টিঅ্যান্ডআই ইউনিট প্রদত্ত ভাষা পরিসেবার সুবিধাগুলো মূল্যায়নের জন্য সমীক্ষা টিঅ্যান্ডআইর সকল গ্রহীতাকে দেয়া হয়।

- পিতামাতাদের জন্য স্কুল সমীক্ষা - স্কুল পিতামাতার মাতৃভাষায় যোগাযোগ করছে কিনা তার তথ্যসহ সন্তানের স্কুলকে মূল্যায়নের জন্য স্কুল বয়সী সকল ছেলেমেয়ের পিতামাতাদের সমীক্ষাটি দেয়া হয়।

- মাল্টাইলিঙ্গুয়াল ওয়েলকাম পোস্টার মনিটর – স্কুলের প্রবেশপথে দৃশ্যমান স্থানে আবশ্যক মাল্টাইলিঙ্গুয়াল ওয়েলকাম পোস্টার পোস্ট করা হয়েছে কিনা দেখার জন্য সাইট পরিদর্শন।

এছাড়া, টিঅ্যান্ডআই ইউনিট লিখিত অনুবাদ পরিসেবা, অন-সাইট দোভাষী পরিসেবা, এবং সকল ডিওই স্কুল অফিসের ফোনে দোভাষী পরিসেবার অনুরোধের রেকর্ড সংরক্ষণ করে।